দৈনিক ইত্তেফাক

51

তারিখ ...2.3 DEC 1998... পৃষ্ঠা ৪ কলাম ৮

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

গত ১৫/১২/৯৮ইং তারিখে দৈনিক ইত্তেফাকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে। সেখানে বলা হইয়াছে যে, প্রাথমিক আবেদনপত্রের সহিত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের মূল সনদপত্র অথবা সাময়িক সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি জমা দিতে হইবে। কিন্তু প্রশ্ন হইতেছে যে, আমরা যাহারা '৯৮ সালে এইচ,এস,সি এবং '৯৬ সালে এস,এস,সি পাস করিয়াছি, তাহারা সনদপত্রগুলি পাইব কোথায়? স্কুলে এখনও আমাদের এস,এস,সি পাসের মূল সনদপত্র আসিয়া পৌঁছায় নাই। তাহাছাড়া গত ২৪শে সেপ্টেম্বর এইচ,এস,সি পরীক্ষার ফল বাহির হইয়াছে। এখন যদি আমরা হাজার হাজার ছাত্র/ছাত্রীর সাময়িক সনদপত্রের জন্য বোর্ডে ভীড় জমাই, তাহা হইলে অবস্থা কী দাঁড়াইবে, কর্তৃপক্ষ কি তাহা ভাবিয়া দেখিয়াছেন? তাহাছাড়া আমরা যাহারা দূর-দূরান্তে বসবাস করি, তাহারা কি ২০/১২/৯৮ হইতে ১৪/১/৯৯ এই অল্প সময়ের মধ্যে বোর্ড হইতে সাময়িক সনদপত্র তুলিয়া ভর্তির আবেদনপত্রের সহিত জমা দিতে পারিব? পরীক্ষা পাসের প্রমাণের জন্য আমাদের প্রশংসাপত্র, প্রবেশপত্র এবং মূল মার্কসীট কি যথেষ্ট নয়? ঐ বিজ্ঞপ্তি যদি বহাল থাকে, তাহা হইলে আমাদের অনেকের পক্ষেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করা সম্ভব হইবে না। এমতাবস্থায় বিনীত আবেদন এই যে, সংশোধিত বিজ্ঞপ্তির মাধ্যমে মূল/সাময়িক সনদপত্র জমাদানের শর্ত তুলিয়া দেওয়া হউক।

-মোঃ আনোয়ার হোসেন লাবু,
গ্রাম ও ডাক ঃ মৃত্তিকাপাড়া,
জেলা- কুষ্টিয়া-৭০০০।